গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

প্রশাসন ও সংস্থাপন শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭.১১৪১

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪২৫

১৮ নভেম্বর ২০১৮

বিষয়: **নেপালে অনুষ্ঠিত সাফ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল টুর্নামেন্টে পাকিস্তানকে পরাজিত করে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দল অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায় মন্ত্রিসভার অভিনন্দন জ্ঞাপন।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং- ০৪.০০.০০০০.৪২১.৮৪.০০১.১৮.৩৬২, ১২ নভেম্বর ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নেপালে অনুষ্ঠিত সাফ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল টুর্নামেন্টে পাকিস্তানকে পরাজিত করে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দল অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায় মন্ত্রিসভার ২২ কার্তিক ১৪২৫/০৬ নভেম্বর ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত উল্লিখিত অভিনন্দন প্রস্তাব বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। উক্ত গেজেট সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

১৮-১১-২০১৮

কাউসার নাসরীন

উপসচিব

ফোন: ৯৫৪৯১৩০

ইমেইল: sas_admin1@moedu.gov.bd

বিতরণ :

১) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।

২) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।

৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।

৪) ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।

৫) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

৬) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।

৭) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৮) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী, ঢাকা।

৯) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।

১০) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা।

১১) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।

১২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা/কুমিল্লা/রাজশাহী/যশোর/ময়মনসিংহ/সিলেট/বরিশাল/চট্রগ্রাম/দিনাজপুর।
১৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) সদস্য-সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী
অবসর সুবিধা বোর্ড, ঢাকা।
১৫) সদস্য-সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী
কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭.১১৪১/১(২)

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪২৫
১৮ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) উপসচিব, সরকার গঠন ও রাষ্ট্রাচার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮-১১-২০১৮
কাউসার নাসরীন
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সরকার গঠন ও রাষ্ট্রাচার অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০০১.১৮.৩৬২ তারিখ: ২৮ কার্তিক ১৪২৫
১২ নভেম্বর ২০১৮

বিষয়: **নেপালে অনুষ্ঠিত সাফ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল টুর্নামেন্টে পাকিস্তানকে পরাজিত করে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দল অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায় মন্ত্রিসভার অভিনন্দন জ্ঞাপন।**

মন্ত্রিসভার ২২ কার্তিক ১৪২৫/০৬ নভেম্বর ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত উল্লিখিত অভিনন্দন প্রস্তাব ১১ নভেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে; সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য এতদ্‌সঙ্গে এটি প্রেরণ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে।

১২-১১-২০১৮
মোঃ নাজমুল হুদা সিদ্দিকী
উপ সচিব
ফোন: ৮৮-০২-৯৫৭৩৯৭৭
ইমেইল: ms_sec@cabinet.gov.bd

বিতরণ :
১) সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)
২) মন্ত্রীর একান্ত সচিব (সকল)
৩) প্রতিমন্ত্রীর একান্ত সচিব (সকল)
৪) উপমন্ত্রীর একান্ত সচিব (সকল)

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/১১ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর : ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.৩৫৯—গত ০৩ নভেম্বর ২০১৮ তারিখে নেপালে অনুষ্ঠিত সাফ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল টুর্নামেন্টে পাকিস্তানকে টাইব্রেকারে ৩-২ গোলের ব্যবধানে পরাজিত করে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দল।

২। বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দলের এই ক্রীড়া নৈপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ২২ কার্তিক ১৪২৫/০৬ নভেম্বর ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ২২ কার্তিক ১৪২৫ / ০৬ নভেম্বর ২০১৮

গত ০৩ নভেম্বর ২০১৮ তারিখে নেপালে অনুষ্ঠিত সাফ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল টুর্নামেন্টে পাকিস্তানকে টাইব্রেকারে ৩-২ গোলের ব্যবধানে পরাজিত করে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দল। এ টুর্নামেন্টে বাংলাদেশের প্রতিদ্বন্দ্বী অন্যান্য দল ছিল—স্বাগতিক নেপাল, মালদ্বীপ, ভারত এবং পাকিস্তান। বাংলাদেশ-দল তাদের প্রথম খেলায় মালদ্বীপের বিপক্ষে ৯-০ গোলের বিরাট ব্যবধানে জয় পায়। পরে তারা গ্রুপ পর্বের দ্বিতীয় ম্যাচে নেপালকে ২-১ গোলে পরাজিত করে গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে। অতঃপর তারা সেমিফাইনালে শক্তিশালী ভারত দলকে টাইব্রেকারে ৪-২ গোলে পরাজিত করার মাধ্যমে ফাইনালে পৌঁছায়। পরে ফাইনালে তারা শক্তিশালী পাকিস্তান দলকে পরাজিত করার মাধ্যমে সাফ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল টুর্নামেন্টে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

একটি পরিপূর্ণ ও সুসংহত দল হিসাবে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দল শক্তিশালী ও অভিজ্ঞতাসম্পন্ন ভারত, পাকিস্তান, মালদ্বীপ ও নেপাল দলকে পরাজিত করার মাধ্যমে দেশকে উপহার দিল এক অসামান্য অর্জন।

মন্ত্রিসভা মনে করে যে এ অর্জন দেশে খেলাধুলার অব্যাহত উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত কর্মসূচির সাফল্যের পরিচায়ক। মন্ত্রিসভা আশা করে যে এই বিজয় বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দলকে আরও আত্মবিশ্বাসী করে তুলবে এবং পরবর্তীকালে আরও ভাল ফলাফল বয়ে আনার অনুপ্রেরণা যোগাবে।

মন্ত্রিসভা বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দলের এই ক্রীড়া নৈপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd